

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.narayanganj.gov.bd

নম্বর: ০৫.৪১.৬৭০০.৬০১.৯৯.০০২.২৪-৯৩৯

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ, গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল এর ২৬/১১/২০২৪ তারিখের স্মারক নম্বর-৪৫.০০.০০০০.২০১.৯৯.০০২.২৪-৬৮ এর পরিপ্রেক্ষিতে সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশ করা হয়েছে এবং উক্ত কার্যক্রম চলমান রয়েছে।

০২। গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ০৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে নারায়ণগঞ্জ জেলার আহত হয়েছেন বা চিকিৎসাধীন আছেন, কিন্তু তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট আহত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তিনি নিজে বা তাঁর পরিবারের সদস্য বা আত্মীয়কে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর ৩০/১১/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আগামী ৩০/১১/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা সরাসরি- ২য় তলা, ভবন নং-২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টু রোড, ঢাকা- ১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে এবং ই-মেইলে আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।


মোহাম্মদ মাহমুদ হক

জেলা ম্যাজিস্ট্রেট
নারায়ণগঞ্জ

ফোন: +৮৮০২-২২৩০৪৬৬৪


ইমেইল: dcnarayanganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.৬৭০০.৬০১.৯৯.০০২.২৪-৯৩৯

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
০৪. সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর/বন্দর/সোনারগাঁও/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ (বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রে বহল প্রচারের নির্দেশনা প্রদান করা হলো)।
০৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নারায়ণগঞ্জ সদর/বন্দর/সোনারগাঁও/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৮. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ (তঁাকে বিজ্ঞপ্তিটি জেলার সর্বত্র মাইকযোগে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৯. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নারায়ণগঞ্জ (জেলা পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নারায়ণগঞ্জ।
১১. সম্পাদক,, নারায়ণগঞ্জ (তঁাকে বিজ্ঞপ্তিটি পত্রিকায় জনস্বার্থে বিনামূল্যে সংবাদ হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২. জনাব ছাত্র সমন্বয়ক।
১৩. নোটিশ বোর্ড।
১৪. অফিস কপি।


জেলা ম্যাজিস্ট্রেট
নারায়ণগঞ্জ